

বসন্তে রচিত কবিতা

আমার বসন্ত শুধু নির্মলে ন্দু গুণ

আপাতদৃষ্টিতে মনে হয় পেরিয়ে এসেছি,
বসন্তের নন্দনকানন।
তাই আগের মতন উচাটন হবে না এ মন
আর চৈত্রের উতল হাওয়ায়।

রবীন্দ্রনাথের বসন্ত-আনন্দ গান,
সদ্য ওঠা ফুল আর কোকিলের কুহুতান
আমাকে বুঝিয়ে দিলো
আমার ভিতরে এক চিরবসন্ত আছেন।

তিনি শুধু ঋতু নন, ঋতুমতী তিনি,
চিররজঃসুলা, তিনি ঋতুর অধিক,
তিনি আমার জনমদাত্রী, প্রিয় প্রাণসখা।
মনের আনন্দ তিনি, প্রাণের আরাম।

আমার বসন্ত ছাড়া আর ঋতু নেই।
গ্রীষ্মবর্ষাশরৎহেমন্তশীত
কিছু নেই, কিছু নেই, আর কিছু নেই।

আমার বসন্ত শুধু, আমার বসন্ত শুধু
আনন্দ বসন্ত শুধু জীবনের চারিপাশে।
বুঝি তার শুরু আছে, শেষ নেই-
আমার বসন্ত শেষ হতে না হতেই
তোমার বসন্ত চলে আসে।